



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬০/১৪

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০
১৪ জুন ২০২৩

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেওয়া প্রসঙ্গে।

- সূত্র: ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/২২৪২১১২৩২৮২১/৫৬৫৭৫/নথি নং-১৬০ তারিখ: ০৫.০১.২০২২ খ্রি:।
 ২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬০/৩৬ তারিখ: ০৬.১২.২০২২ খ্রি:।
 ৩। উপজেলা নির্বাহী অফিসার মান্দা, নওগাঁ এর পত্র নং ০৫.৪৩.৬৪৪৭.০০০.১১.০০৪.২৩-২৭২ তারিখ: ২৮.০২.২০২৩ খ্রি:।
 ৪। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পত্র নং বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬০/৮২ তারিখ: ০৮.০৫.২০২৩ খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন জাফরাবাদ আদর্শ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়েছে। উক্ত ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ পদত্যাগ করেছেন মর্মে সুপার জনাব মোহাঃ ইসমাইল হোসেন অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০২ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার মান্দা, নওগাঁ-কে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ৩ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, প্রতিষ্ঠাতা সদস্য ০১ (এক) জন, দাতা সদস্য ০১ (এক) জন, অভিভাবক সদস্য ০৩ (তিন) জন ও শিক্ষক প্রতিনিধি ০৩ (তিন) জন সদস্য মাদ্রাসা প্রধানের নিকট পদত্যাগের বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে ম্যানেজিং কমিটির ১১ (এগার) জন সদস্যর মধ্যে ০৮ (আট) জন সদস্য মাদ্রাসা প্রধানের নিকট পদত্যাগের বিষয়টি প্রমাণিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্জে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকে মাদ্রাসা প্রধান এবং সভাপতিকে পত্র প্রেরণ করা হয়। ম্যানেজিং কমিটি ভেঞ্জে দিলে প্রতিষ্ঠান প্রধানের আপত্তি নেই মর্মে জবাবে উল্লেখ করেছেন কিন্তু সভাপতি অদ্যবধি কোন জবাব প্রদান করেননি।

বর্ণিত অবস্থায় তদন্তে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় সূত্রোক্ত ১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্জে দেয়া হলো একই সাথে মাদ্রাসা পরিচালনার স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতির আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২৪.০৬.২০২৩

প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd



সুপার/ভারপ্রাপ্ত সুপার,
জাফরাবাদ আদর্শ দাখিল মাদ্রাসা,
ডাকঘর-ভীমপুর, মান্দা, নওগাঁ।

নং-বামাশিবো/প্রশা/নওগাঁ-১৬০/১৪

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪৩০
১৪ জুন ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নওগাঁ;
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ;
৪. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, শাখা, মান্দা, নওগাঁ;
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ;
৬. সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি, জাফরাবাদ আদর্শ দাখিল মাদ্রাসা, ডাকঘর-ভীমপুর, মান্দা, নওগাঁ;
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।



মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

